আমি হেথায় থাকি শুধু গাইতে তোমার গান,
দিয়ো তোমার জগৎ-সভায় এইটুকু মোর স্থান ॥
আমি তোমার ভুবন-মাঝে   লাগি নি, নাথ, কোনো কাজে—
শুধু কেবল সুরে বাজে   অকাজের এই প্রাণ ॥
নিশায় নীরব দেবালয়ে তোমার আরাধন,
তখন মোরে আদেশ কোরো গাইতে হে রাজন ।
ভোরে যখন আকাশ জুড়ে   বাজবে বীণা সোনার সুরে
আমি যেন না রই দূরে,   এই দিয়ো মোর মান ॥

---

Parjaay: Puja, Taal: Teyora, Raag: Paraj

Visit www.geetabitan.com for notation and other detail